Times Today BD

ঢাকা | 13 May, 2025

মুন্সীগঞ্জের সিরাজদিখানে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের অভিযান চালিয়ে দুটি মিষ্টির দোকানকে মোট ১২ হাজার টাকা জরিমানা করা হয়েছে। মঙ্গলবার (১৩ মে) দুপুর সাড়ে ১২টা থেকে দেড়টা পর্যন্ত উপজেলার ইছাপুরা বাজারে পরিচালিত এ অভিযানে নেতৃত্ব দেন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মুন্সীগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক আসিফ আল আজাদ।

অভিযানে সহায়তা করেন উপজেলা স্যানিটারি পরিদর্শক মো. শাহ আলম মিয়া এবং সিরাজদিখান থানা পুলিশের একটি দল। জেলা কার্যালয়ের সহকারী পরিচালক আসিফ আল আজাদ বলেন, অভিযান চলাকালে বিসমিল্লাহ সুইটসে নোংরা ও অস্বাস্থ্যকর পরিবেশে মিষ্টি উৎপাদন ও সংরক্ষণের প্রমাণ পাওয়া যায়।ভোক্তা স্বার্থবিরোধী এ কার্যকলাপের অভিযোগে প্রতিষ্ঠানটিকে ৭ হাজার টাকা জরিমানা করা হয়।পাশাপাশি প্রতিষ্ঠানটির মালিককে পণ্য প্রস্তুত ও সংরক্ষণে স্বাস্থ্যসম্মত পরিবেশ নিশ্চিত করার নির্দেশ দেওয়া হয়। অন্যদিকে, গন্ধেশ্বরী মিষ্টান্ন ভাণ্ডারে উৎপাদিত দই, রসমালাই ও ঘিতে উৎপাদনের তারিখ ও মেয়াদোত্তীর্ণের তথ্য উল্লেখ না থাকায় প্রতিষ্ঠানটিকে ৫ হাজার টাকা জরিমানা করা হয়। তিনি আরো বলেন,ভোক্তার নিরাপত্তা নিশ্চিত করতে এবং বাজারে মান নিয়ন্ত্রণে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে

জরিমানা ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 19:43

URL: https://www.timestodaybd.com/dhaka/2420280846